**ORIENT ওয়াটার পিউরিফায়ার – রিভার্স অসমসিস (RO) প্রযুক্তি:**

রিভার্স অসমোসিস ওয়াটার পিউরিফাইয়ার উন্নত বিশ্বে ব্যাপক পরিচিতি অর্জন করলেও আমাদের দেশে এখনো রিভার্স অসমোসিস পিউরিফাইয়ার পানি বিশুদ্ধকরণ যন্ত্র সেভাবে পরিচিত নয়। এটি মূলত একধরনের পানি বিশুদ্ধকরণ প্রক্রিয়া। পানি ফুটানোর পরও তাতে অনেক ক্ষতিকর পদার্থ থেকে যায় যা আমদের মানব দেহের জন্য অস্বাস্থ্যকর। তবে রিভার্স অসমোসিস সিস্টেমে কোন প্রকার তাপ উৎপাদন ছাড়াই পানিকে সম্পূর্ণ বিশুদ্ধ করা হয়। এই প্রক্রিয়ায় পানি বিশুদ্ধ করার পর পানিতে অপ্রয়োজনীয় খনিজ পদার্থ থাকে না যা আমাদের কিডনির ওপর অনেক চাপ কমিয়ে দেয়। ছয়টি ধাপে এই পদ্ধতিতে পানিকে বিশুদ্ধ করা হয়। এই বিশুদ্ধকরণ প্রক্রিয়ায় বেশী ঘনত্বের দ্রবণ কম ঘনত্বের দিকে যায়। সাধারন পানিকে অসমোটিক প্রেসার প্রয়োগ করে রিভার্স অসমোসিস মেমব্রেন এর দিকে নিয়ে যায় এবং এই মেমব্রেনের ০.০০০১ মাইক্রনের অর্ধভেদ্য পর্দার মধ্য দিয়ে কোন অস্বাস্থ্যকর এবং মানব দেহের জন্য ক্ষতিকর কোন পদার্থ যেতে পারে না। কেবল পানির মধ্যে দ্রবীভূত অক্সিজেন এবং মিনারেল সমৃদ্ধ শতভাগ পানি বের হয়।

**ORIENT রিভার্স অসমোসিস ওয়াটার পিউরিফাইয়ার এর প্রসেসিং সিস্টেমঃ**

১। কোল্ড ওয়াটার লাইন ভাল্ভঃ এই ভাল্ভটির একটি টিউব সম্বলিত অংশ যেটি রিভার্স অসমোসিস পিউরিফাইয়ারের পানির উৎস হিসেবে কাজ করে।

২। প্রি-ফিল্টারঃ কোল্ড ওয়াটার লাইে বন থেকে পানি প্রথমে এই প্রি-ফিল্টারে প্রবেশ করে। প্রি-ফিল্টার এই পানি থেকে ধুলা-বালি এবং ময়লা দূর করে আরও মেমব্রেন (RO Membrane) কে রক্ষা করে। একটি রিভার্স অসমোসিস সিস্টেমে একাধিক প্রি-ফিল্টার থাকতে পারে।

৩। রিভার্স অসমোসিস মেমব্রেনঃ রিভার্স অসমোসিস মেমব্রেনই এই সিস্টেমের মূল অংশ। এটি পানি থেকে সকল প্রকার দূষিত পদার্থ দূর করে। এরপর এই পানি গিয়ে একটি প্রেসারড স্টোরেজ ট্যাঙ্কে জমা হয়।

৪। স্টোরেজ ট্যাঙ্কঃ সাধারণত এই স্টোরেজ ট্যাঙ্ক ২ থেকে ৪ গ্যালন পানি ধরে রাখতে পারে। একটি ব্লেডার পানিকে প্রেসার দিতে থাকে যখন ট্যাঙ্কটি পূর্ণ হয়ে যায়।

৫। পোষ্ট ফিল্টারঃ স্টোরেজ ট্যাঙ্ক থেকে পানি বের হবার পর অবশেষে এই পোষ্ট ফিল্টারের মধ্য দিয়ে যায়। এটি একধরনের কার্বন ফিল্টার। এটি চূড়ান্তভাবে পানির অবশিষ্ট সকল ক্ষতিকর পদার্থ দূর করে দেয়।

৬। অটোমেটিক শাট অফ ভাল্ভঃ স্টোরেজ ট্যাঙ্ক পূর্ণ হয়ে যাওয়ার পর অটোমেটিক শাট অফ ভাল্ভ স্বয়ংক্রিয় ভাবে মেমব্রেনে পানি ঢুকার পথটি বন্ধ করে দেয়।

৭। চেক ভাল্ভঃ আরও মেমব্রেনের (RO Membrane) শেষ দিকে একটি চেক ভাল্ভ আছে যেটি আরও (RO) স্টোরেজ ট্যাঙ্কের বিশুদ্ধ পানির উল্টো প্রবাহ বন্ধ করে দেয়।

৮। ফ্লো রেস্ট্রিক্টরঃ পানির প্রবাহকে সঠিক ভাবে নিয়ন্ত্রন করার জন্য আরও (RO) ড্রেন লাইন টিউবে একটি ফ্লো রেস্ট্রিক্টর আছে।

৯। কলঃ রিভার্স অসমোসিস ওয়াটার পিউরিফাইয়ারের একটি নিজস্ব পানির কল থাকে যেদিক দিয়ে বিশুদ্ধ পানি বের হয়।

১০। ড্রেন লাইনঃ দূষিত পদার্থ এবং পানি এই পথ দিয়ে বের হয়ে আসে।




🛠 রক্ষণাবেক্ষণ টিপস:

- প্রতি ৬-১২ মাস পর ফিল্টার চেক করুন
- TDS লেভেল পর্যবেক্ষণ করুন (সাধারণত ৫০-১৫০ ppm ভালো)
- সার্ভিস ইঞ্জিনিয়ার দ্বারা নিয়মিত চেকআপ করানো ভালো

💧 বিশুদ্ধ পানির নিশ্চয়তা এখন আপনার হাতের মুঠোয়!

"আজই কিনুন ORIENT RO Water Purifier!

📞 কল করুন: 01302701019

🌐 অথবা ভিজিট করুন: https://www.moongallery.com.bd/category/water-purifier

ORIENT – বিশুদ্ধতায় অগ্রগামী!"